

চামড়া গবেষণা ইনস্টিটিউট

LEATHER RESEARCH INSTITUTE, BCSIR
Bangladesh Council of Scientific & Industrial Research (BCSIR)

নং- ৩৯.০২.২৬৭২.০৩৯.৯৯.১৪০.২০১৮/৭৬৬

তারিখ: ১৭.০৬.২০২০ইং

"নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা-এর ক্যাম্পাসে ঝড়ে ভেঙে যাওয়া ও মরা গাছপালা বিক্রির নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলমোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	মালামালের অবস্থান	জামানতের টাকা (ফেরতযোগ্য)	মন্তব্য
০১।	ঝড়ে ভেঙে যাওয়া এবং মরা কাঁঠাল, অর্জুন, ডেওয়া, বেল, বকুল, চাপালিশ, কৃষ্ণচূড়া ও সেগুন গাছ।	ইনস্টিটিউট ক্যাম্পাসের ভিতর।	উদ্ধৃতদের ২৫% (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট)	

০১। স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা মেনে অফিসে প্রবেশ করে দরপত্র ২৫.০৬.২০২০ তারিখ থেকে লেটার প্যাডে/জাতীয় পরিচয়পত্রের কপি দিয়ে আবেদনের মাধ্যমে বিনামূল্যে চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা হতে সংগ্রহ করা যাবে।

০২। দরপত্র আগামী ০৫.০৭.২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা-এর টেন্ডারবক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই ৩.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বক্স খোলা হবে।

০৩। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মালিকের/ব্যক্তির জাতীয় পরিচয়পত্রের কপিসহ নির্ধারিত জামানতের অর্থ চামড়া গবেষণা ইনস্টিটিউট বরাবর পে-অর্ডার/ড্রাফট আকারে জমা দিতে হবে।

০৪। দরপত্রে কৃতকার্য প্রতিষ্ঠান (সর্বোচ্চ দরদাতা) সহ নিম্নক্রমানুযায়ী কমপক্ষে ০২টি প্রতিষ্ঠানের জামানতের অর্থ ব্যতীত অন্যদের জামানতের অর্থ ঐ দিনই ফেরত দেয়া হবে।

০৫। কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্তের পর অবশিষ্ট ২য় সর্বোচ্চ দরদাতার জমাকৃত জামানতের অর্থ ফেরত দেওয়া হবে। তবে ১ম সর্বোচ্চ দরদাতার জামানতের অর্থ সমন্বয় করা হবে।

০৬। কর্তৃপক্ষ কৃতকার্য দরদাতাকে সিদ্ধান্ত জানানোর/কার্যাদেশ প্রদানের ০৩(তিন) দিনের মধ্যে সম্পূর্ণ টাকা এবং সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (যদি প্রযোজ্য হয়) পৃথকভাবে সংযোজন করত: হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট জমা করে কর্তৃপক্ষের নিকট হতে মালামাল নেওয়ার অনুমতি গ্রহণ করতে হবে।

০৭। জমাকৃত টাকার মূল রশিদ নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা সাপেক্ষে নিলামকৃত মালামাল ইনস্টিটিউটের ক্যাম্পাসের বাহিরে নেওয়ার গেইট পাশ সংগ্রহ করা যাবে।

০৮। নিলামকৃত মালামাল নিজ খরচে কেটে ০৫(পাঁচ) দিনের মধ্যে ইনস্টিটিউটের ক্যাম্পাস এলাকা হইতে নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে।

০৯। উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে পালনে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে। ইহাতে কোন প্রকার আপত্তি আইনানুযায়ী গ্রাহ্য হবে না। পরবর্তীতে ২য় দরদাতাকে কার্যাদেশ দেয়া হবে।

১০। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সরেজমিনে পরিদর্শন পূর্বক মালামাল সম্পর্কে ধারণা নেওয়া সহ অন্যান্য তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে জানা যাবে।

১১। নিলামকৃত মালামাল অপসারণ/বাহিরে নেওয়ার সময় চামড়া গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাসের কোন সম্পদ ক্ষতি/নষ্ট করলে তা নিজ দায়িত্বে ও খরচে মেরামত করে দিতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. মধুসূদন সাহা)
ভারপ্রাপ্ত কর্মকর্তা

বিতরণঃ

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা(বিসিএসআইআর- এর ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা (অফিস বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

৩। আহবায়ক, নিলাম কমিটি, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।

৪। নিরাপত্তা ইন চার্জ, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।

৫। নোটিশ বোর্ড/গেইট চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।

৬। সভাপতি/সম্পাদক, নয়ারহাট বাজার ব্যবসায়ী সমিতি, সাভার, ঢাকা।

৭। অফিস কপি/গার্ড ফাইল।